

জেলা

আক্কেলপুরে একটি মাদ্রাসার একমাত্র দাখিল পরীক্ষার্থী, নকল করায় সেও বহিষ্কার

প্রতিনিধি জয়পুরহাট

প্রকাশ: ২৮ এপ্রিল ২০২৬, ২০: ০৬



এসএসসি ও সমমানের পরীক্ষা প্রথম আলোর ফাইল ছবি

জয়পুরহাটের আক্কেলপুরে দাখিল পরীক্ষায় নকল করার অভিযোগে একটি মাদ্রাসার একমাত্র পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এতে ওই প্রতিষ্ঠানের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ কার্যত শূন্য হয়ে গেছে। আজ মঙ্গলবার আক্কেলপুর সিনিয়র মাদ্রাসা পরীক্ষাকেন্দ্রে ঘটনাটি ঘটেছে।

পরীক্ষাকেন্দ্র সূত্রে জানা যায়, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার আরবি দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালে অনন্তপুর চৌধুরীপাড়া মহিলা দাখিল মাদ্রাসার একমাত্র শিক্ষার্থী নকল করার সময় কক্ষ পরিদর্শকের

হাতে ধরা পড়ে। পরে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইমরান হোসেনের উপস্থিতিতে কেন্দ্রের সচিব জাইদুল ইসলাম তাকে বহিষ্কার করেন।

কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ইমরান হোসেন বলেন, পরীক্ষা চলাকালে ১ নম্বর কক্ষে নকল করার সময় ওই ছাত্রীকে হাতেনাতে ধরা হয়। বিধি অনুযায়ী তাকে বহিষ্কার করা হয়েছে। কেন্দ্রের সচিব জাইদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, নকলের দায়ে ওই শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে এবং বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ওই মাদ্রাসার একমাত্র পরীক্ষার্থী ছিল ওই ছাত্রী। ফলে তার বহিষ্কারের পর প্রতিষ্ঠানটির দাখিল পরীক্ষায় আর কোনো শিক্ষার্থী অবশিষ্ট থাকল না। মাদ্রাসার সুপার জিয়াউর রহমান ও আক্কেলপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জাবেদ ইকবাল হাসান বিষয়টির সত্যতা নিশ্চিত করেন।

